

শোক সংবাদ

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অষ্ট্রেলিয়া

ফোন নং ৯৬৬২৪০৫৯ ৯৮৯৭২৩৪৫

আমরা গভীর শোকের সাথে জানাচ্ছি যে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অষ্ট্রেলিয়ার সদস্য, বীর মুক্তিযোদ্ধা জনাব আঃ কাদের গত ২৮শে জানুয়ারি রবিবার রাত সাড়ে নয় টায় সিডনির পিটারশ্যাম সাবার্বে বাংলাদেশী মালিকানাধীন একটি রেস্তোরাঁয় ডাকাতির সময় বাধা দিতে গেলে দুর্বৃত্তদের হাতে নির্মম ভাবে নিহত হন! পরিবার পরিজন ছেড়ে গত দশ বছর ধরে তিনি এদেশে অবস্থান করছিলেন। আমরা তার বিদেহী আত্মার শান্তি কামনা করি এবং তার শোক সন্তপ্ত পরিবারের প্রতি জানাই গভীর সমবেদনা।

মুক্তিযুদ্ধে তার অবদানের জন্য নিজ অঞ্চল মাদারিপুর্বে সাহসী যোদ্ধা হিসাবে তার খ্যাতি রয়েছে। তিনি তিন সন্তানের জনক। ৭১ এর এই বীরসেনানী, অসীম সাহসী ও অত্যন্ত বন্ধু প্রিয় ছিলেন।

মরহুমের নামাজে জানাজা অগামী রবিবার (৪/২/০৭) বাদ মাগরেব (৪:১০ pm) লাকেন্সা মসজিদে (65 Wingee Rd.) অনুষ্ঠিত হবে। এর পর পরই দাফনের উদ্দেশ্যে তার শবাধার বাংলাদেশের পূর্ণ্য ভূমিতে প্রেরণ করা হবে। এ সময় বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অষ্ট্রেলিয়া প্রয়াত সহযোদ্ধার প্রতি তাদের শেষ সম্মান জ্ঞাপন করবে।

তার পরিবারের সাহায্যার্থে বাংলাদেশ ইসলামিক সেন্টার অফ নিউ সাউথ ওয়েলস কমন্ওয়েলথ ব্যাংকে একটি একাউন্ট খুলেছে (BSB 062334 Account: 10280831). আপনাদের দান করা অর্থ জনাব আঃ কাদেরের বিধবা স্ত্রীর কাছে পাঠানো হবে। এই তহবিলে মুক্ত হস্তে দান করার জন্য বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অষ্ট্রেলিয়া সকলের প্রতি আবেদন জানাচ্ছে।

হাব্বুন রশীদ আজাদ
সাধারণ সম্পাদক

মিজানুর রহমান তরুন
সভাপতি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অষ্ট্রেলিয়া